

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 12-09-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM-GYANBHARATAM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় নয়াদিল্লিতে জ্ঞান ভারতম-এর আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করবেন। তিনি পাণ্ডুলিপি ডিজিটাইজেশন, সংরক্ষণ এবং জনসাধারণের প্রবেশাধিকার ত্বরান্বিত করার জন্য একটি সমর্পিত ডিজিটাল প্ল্যাটফর্ম জ্ঞান ভারতম পোর্টালেরও উদ্বোধন করবেন এবং এই উপলক্ষে জনসমাবেশে ভাষণ দেবেন। → পাণ্ডুলিপি ঐতিহ্যের মাধ্যমে ভারতের জ্ঞানের উত্তরাধিকার পুনরুদ্ধার" এই বিষয়ে গতকাল তিনদিনের সম্মেলন শুরু হয়েছে। সম্মেলনটি ভারতের অতুলনীয় পাণ্ডুলিপি সম্পদকে পুনরুজ্জীবিত করার উপায়গুলি নিয়ে আলোচনা করার জন্য এবং একে বিশ্বজনীন জ্ঞান চর্চার কেন্দ্রবিন্দুতে স্থাপন করার জন্য শীর্ষস্থানীয় পণ্ডিত, সংরক্ষণবাদী, প্রযুক্তিবিদ এবং নীতি বিশেষজ্ঞদের একত্রিত করতে পেরেছে।

Vice-President Oath :

উপ-রাষ্ট্রপতি পদে নির্বাচিত সি পি রাধাকৃষ্ণান আজ নতুনদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে শপথ গ্রহণ করবেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সকাল ১০টায় শ্রী

রাধাকৃষ্ণানকে শপথ বাক্য পাঠ করাবেন। এই অনুষ্ঠানে যোগ দিতে মুখ্যমন্ত্রী
অধ্যাপক ডা: মানিক সাহা গতকালই নতুন দিল্লিতে পৌঁছেছেন।

PM-UTTARAKHAND FLOOD REVIEW :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেরাদুনে গতকাল উত্তরাখণ্ডের বন্যা পরিস্থিতি,
বৃষ্টিপাত এবং ভূমিধসের কারণে ক্ষতিগ্রস্ত এলাকাগুলির ক্ষয়ক্ষতি পর্যালোচনা
করে রাজ্যের জন্য ১২০০ কোটি টাকার আর্থিক সহায়তা ঘোষণা করেছেন।
প্রধানমন্ত্রী ক্ষতিগ্রস্ত এলাকার মানুষের জন্য ত্রাণ ও উদ্ধার কাজে বহুমাত্রিক
পদ্ধতির প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। এর মধ্যে থাকবে প্রধানমন্ত্রী
আবাস যোজনার আওতায় বাড়িঘর পুনর্নির্মাণ, জাতীয় মহাসড়ক পুনরুদ্ধার,
স্কুল পুনর্নির্মাণ, প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিলের মাধ্যমে ত্রাণ প্রদান এবং
গবাদি পশুর জন্য মিনি কিট বিতরণ। শ্রী মোদী মৃতদের নিকটাত্মীয়দের জন্য ২
লক্ষ টাকা এবং বন্যা এবং সংশ্লিষ্ট দুর্যোগে গুরুতর আহতদের জন্য ৫০,০০০
টাকা অনুদান ঘোষণা করেছেন। একইসঙ্গে এই বিপর্যয়ে অনাথ হওয়া শিশুদের
পিএম কেয়ারস ফর চিলড্রেন স্কিমে সহায়তারও ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী।

Nirmahal Jal Utsab :

পর্যটন মন্ত্রী সুরশান্ত চৌধুরী আজ মেলাঘরের রাজঘাটে তিনদিনব্যাপী
ঐতিহ্যবাহী নীরমহল জল উৎসবের উদ্বোধন করবেন। এই উৎসব চলবে
আগামী ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত। উপস্থিত থাকবেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ,
বিধায়ক বিনু দেবনাথ, সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাপতি পিন্টু
আইচ প্রমুখ।

Market Shed-Ratanlal Nath :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, কৃষকদের আয় বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার রাজ্যের মোট ২১টি বাজারকে ইলেকট্রনিক ন্যাশনাল এগ্রিকালচার মার্কেট অর্থাৎ ই-মার্কেটে রূপান্তরিত করার সিদ্ধান্ত নিয়েছে। এর মাধ্যমে রাজ্যের কৃষকরা তাঁদের উৎপাদিত পণ্য অনলাইনে দেশের বিভিন্ন প্রান্তে বিক্রি করতে পারবেন। গতকাল ধলাই জেলার কুলাইয়ে নবনির্মিত বাজার এবং নোয়াগাঁও গ্রামে গ্রামীণ জ্ঞানকেন্দ্রের উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন।

Food Minister :

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে গণবন্টন ব্যবস্থাকে আরো শক্তিশালী করতে রেশন ডিলারদের গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে। গতকাল আগরতলার সুকান্ত একাডেমির প্রেক্ষাগৃহে ত্রিপুরা ন্যায্য মূল্যের দোকান পরিচালক সমিতির সদর এম. সি. কমিটির অষ্টম ত্রিবার্ষিক সম্মেলনে তিনি একথা বলেন।

DM & SP Meeting :

পশ্চিম জেলায় আসন্ন দুর্গোৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে জেলা প্রশাসন ও আরক্ষা প্রশাসন প্রয়োজনীয় সব ধরনের উদ্যোগ গ্রহণ করেছে। গতকাল আগরতলায় পূজা উদ্যোক্তা, ডেকোরেটর, সাউন্ড সিস্টেম প্রোভাইডারদের নিয়ে বৈঠকের পর পশ্চিম জেলার জেলা শাসক ডা: বিশাল কুমার একথা জানান। পশ্চিম জেলার পুলিশ সুপার নমিত পাঠক জানান, আগরতলায় ২২০টিরও বেশি দুর্গা পূজার মন্ডপ হচ্ছে। পূজায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে নাগরিকদের সঙ্গে যোগাযোগ রেখে পুলিশ কাজ করবে।

Nagar-Van/Kumarghat :

কেন্দ্রীয় সরকারের নগর বন যোজনার মাধ্যমে ঊনকোটি জেলার কুমারঘাটে গড়ে তোলা নগর বনের গতকাল উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। মোট ৪৬ দশমিক চার হেক্টর জমিতে নানা প্রজাতির গাছপালা ছাড়াও গড়ে তোলা হয়েছে, প্রজাপতি পার্ক, ট্রি-হাউজ, অর্কিড এরিয়া সহ নানা ভাস্কর্য। বিধায়ক শ্রী দাস সেখানে ঊনকোটি জেলাভিত্তিক ৭৬তম বনমহোৎসবের উদ্বোধন করেন। বনমহোৎসব উপলক্ষে কচিকাঁচাদের মধ্যে চিত্রাঙ্কনের পুরস্কার তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, জেলা বন আধিকারিক কৃষ্ণগোপাল রায় প্রমুখ।

Scouts & Guides :

'এক ভারত শ্রেষ্ঠ ভারত' এই স্লোগান উচ্চারণের মধ্য দিয়ে ভারত স্কাউটস এন্ড গাইডসের পাঁচদিন ব্যাপী জাতীয় সংহতি শিবির উপলক্ষে গোটা দেশের ৪০০ যুবক যুবতী ও দপ্তরের আধিকারিকরা গতকাল সকালে সংহতি র্যালীতে অংশ নেন। শহীদ ভগৎ সিং যুব আবাস থেকে এই রেলি শুরু হয়।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ০.৬ মিলিমিটার।
